গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মোঃ সহিদউল্যাহ অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভার তারিখ	২৫ মে ২০২২
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। ভবন নং-২, ৪র্থ তলা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপ তিবলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ দীর্ঘদিন থেকে সরকারি কাজে প্রমিত বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে। কিন্তু এখনও সকল স্তরে শুদ্ধভাবে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করা সম্ভব হয়নি। সরকারি কার্যক্রমে ইংরেজি অথবা বিদেশি ভাষার সংমিশ্রণ বর্জন, পরিভাষা তৈরি, আঞ্চলিক ভাষার কথা ও শব্দ মূল ভাষায় অন্তর্ভূক্তকরণ এবং বানান সংক্রান্ত বিভ্রান্তি দূরীকরণের মাধ্যমে বাংলা ভাষাকে যুগোপযোগী করে প্রমিত বাংলা ব্যবহার জোরদার করণের ক্ষেত্রে অনেক কিছুই করণীয় রয়েছে। সাহিত্যিকদের সম্পৃক্ত করার মাধ্যমেও বাংলাকে যুগোপযোগী করার সুযোগ রয়েছে। তবে, সকল স্তরে বাংলা ভাষার প্রমিত ব্যবহার নিশ্চিত করা জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষে এককভাবে সম্ভব নয়। সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থা এবং সকল মন্ত্রণালয়/বিভাগকে এ কাজে এগিয়ে আসতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় সংস্কার ও গবেষণা অনুবিভাগ কর্তৃক প্রদত্ত সেবা বিষয়ে অংশীজনের মতামত গ্রহণ এবং প্রমিত বাংলা ভাষার ব্যবহার জোরদারকরণে করণীয় নির্ধারণের নিমিত্ত এ সভা আয়োজিত হয়েছে।

৩। অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ বাংলা ভাষা বাস্তবায়ন কোষ গঠনের পটভূমি এবং তাঁর অনুবিভাগের গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। প্রমিত বাংলা ভাষার ব্যবহার জোরদারকরণে বাংলা একাডেমী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং বিশ্ববিদ্যালয় পর্যায় থেকে ঐক্যবদ্ধ প্রয়াস আবশ্যক বলে তিনি জানান। তিনি বলেন, সর্বক্ষেত্রে প্রমিত বাংলা ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত উচ্চ আদালতের রায় বাস্তবায়নে পুনরায় সচেষ্ট হওয়ার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সেবাগ্রহীতা ও স্টেকহোল্ডারদের মতামত সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহার বাস্তবায়নের চলমান কার্যক্রমকে আরো জোরদার করতে সহযোগতা করবেমর্মে তিনি আশা প্রকাশ করেন।

৪। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি বাংলা ভাষার প্রমিত ব্যবহার নিশ্চিত করতে কিছু সুপারিশ তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, দাপ্তরিক প্রয়োজনে বিদেশি শব্দব্যবহার অনস্বীকার্য হয়ে পড়লে বাংলা ভাষার শব্দভাণ্ডারে নতুন শব্দ অন্তর্ভূক্তির বিষয়ে বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) উদ্যোগ গ্রহণ করতে পারে; বিভিন্ন প্রতিষ্ঠানের ভিন্ন ভিন্ন বানান রীতির অনুসরণের পরিবর্তে সকল পর্যায়ে একক বানান রীতির ব্যবহার নিশ্চিত করতে এ মন্ত্রণালয় সমন্বয়ের ভূমিকা পালন করতে পারে। সম্ভব হলে ইংরেজি ভাষার জন্য ব্যবহৃত Spell checker, Grammarly প্রভৃতি অ্যাপের মত বাংলা বানান ও বাক্য পরীক্ষক অ্যাপ প্রস্তুত করা যেতে পারে। বিদেশিদের সঙ্গে নেগোসিয়েশনের সময় ইংরেজির পরিবর্তে দোভাষীর মাধ্যমে বাংলা ভাষা ব্যবহার করা যেতে পারে। এ ছাড়া, বিদেশি ভাষায় গুরুত্বপূর্ণ

কোন পুস্তক প্রকাশিত হওয়ার পর পরই তা বাংলা ভাষায় অনুবাদ করে প্রকাশ করার প্রচলন অনুকরণ করতে পারলে তা বাংলা ভাষাকে সমৃদ্ধ করতে সহায়তা করবে বলে তিনি মত প্রকাশ করেন।

৫। পরিকল্পনা বিভাগের প্রতিনিধি পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বাংলা বর্ষপুঞ্জির ডেস্ক ক্যালেন্ডার অন্যান্য মন্ত্রণালয় অনুসরণ করতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি সকল মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাদের ভাষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। তিনি বিভিন্ন সময়ে প্রকাশিত ভাষা সংক্রান্ত পুস্তিকাসমূহ একত্রিত করে সংকলন প্রকাশ প্রস্তাব করেন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি বাংলা বানান সংক্রান্ত বিভ্রান্তিসমূহ নিরসন করতে উচ্চতর পর্যায়ে সমন্বয়ের উপর গুরুত্ব আরোপ করেন।সরকারি পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নেতৃত্বে কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজন, বিদ্যমান ৬০ (ষাট) ঘণ্টার প্রশিক্ষণসমূহে এ সংক্রান্ত সেশন অন্তর্ভূক্তি এবং প্রশিক্ষণের জন্য বিশ্ববিদ্যালয় এবংশিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট থেকে বিশেষজ্ঞদের অন্তর্ভূক্ত করা যেতে পারে মর্মেও তিনি মত প্রকাশ করেন।

৬। বাংলা ভাষা বাস্তবায়ন কোষের বিশেষজ্ঞ এবং অ্যাসাইনমেন্ট অফিসার জাতীয় পাঠ্যক্রম ও টেক্সটবুক বোর্ড (NCTB) এবং অনেক সরকারি সংস্থা ও দৈনিক পত্রিকা কর্তৃক প্রমিত বাংলা ভাষা ব্যবহার না করার বিষয়টি উল্লেখ করেন। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ' বাংলা ভাষা বাস্তবায়ন কোষ জনপ্রশাসন মন্ত্রণালয়' শীর্ষক ফেসবুক (Facebook) গ্রুপের মাধ্যমে শুদ্ধ বানানের বিষয়ে সেবা দেওয়া, সরকারি কাজে বাংলা ব্যবহার সংক্রান্ত মোবাইল অ্যাপের মাধ্যমে সেবা প্রদানের বিষয়টিও সভায় আলোচনা হয়। সাইনবোর্ডে শুদ্ধ বাংলা ব্যবহারের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ এবং সিটি কর্পোরেশনের তদারকির বিষয়টিও সভায় আলোচিত হয়।

৭। সভায় উপস্থিত সকল সদস্যদের সম্মতিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(ক) সংস্কার ও গবেষণা অনুবিভাগ বিভিন্ন সরকারি কাজে প্রমিত বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত এর সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যথা বাংলা একাডেমী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাতৃভাষা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) প্রভৃতি সংস্থাকে নিয়ে নিয়মিত সভা আয়োজনের মাধ্যমে পরবর্তী করণীয় নির্ধারণ করবে।

(খ) বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) বিভিন্ন সময়ে প্রকাশিত বাংলা ভাষা সংক্রান্ত বই ও সহায়ক পুস্তিকাসমূহকে একত্রিত করে সংকলন আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) সকল মন্ত্রণালয়/বিভাগকে নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীদের বাংলা ভাষা ব্যবহারের দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপিটি অনুবিভাগ ৬০ ঘন্টার প্রশিক্ষণ কোর্সের সিলেবাস হালনাগাদ করে বাংলা ভাষা ব্যবহার-বিধি সংক্রান্ত সেশন অন্তর্ভূক্ত করবে। প্রয়োজনে বাংলা ভাষা বাস্তবায়ন কোষের সহায়তায় এ সংক্রান্ত শিক্ষাক্রম (কারিক্যুলাম) প্রণয়ন ও প্রশিক্ষক নির্ধারণ করা হবে।

(ঘ) বাংলা ভাষার বিকৃতি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগ বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের সাইনবোর্ডে প্রমিত বাংলার ব্যবহার নিশ্চিত করতে স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা মহানগরের ২টি সিটি কর্পোরেশনের সাথে আলোচনাসভা আয়োজন করে পরবর্তী করণীয় নির্ধারণ ও বাস্তবায়ন করবে।

(ঙ) সংস্কার ও গবেষণা অনুবিভাগ বাংলা বানান ও বাক্যের শুদ্ধতা পরীক্ষার জন্য ইংরেজি ভাষার grammarly এবং spell-checker-এর মত অ্যাপ তৈরির উদ্যোগ গ্রহণ করবে। এ কাজে প্রয়োজনে আইসিটি বিভাগের সহযোগিতা গ্রহণ করা হবে।

৮। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ সহিদউল্যাহ
অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০২.২১.৫২-৬১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৩) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
৫) সচিব (ভারপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ
৬) সচিব, ভূমি মন্ত্রণালয়
৭) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) সচিব, পরিকল্পনা বিভাগ
৯) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১১) সচিব, শিল্প মন্ত্রণালয়
১২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১৩) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৪) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১৫) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১৬) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
১৭) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
১৮) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১৯) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
২০) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৩) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২৪) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বাংলা একাডেমি
২৫) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
২৬) অতিরিক্ত সচিব (প্রশাসন/সিপিটি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়
২৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের

অনুরোধসহ)

২৯) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)

মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব